# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 OCTOBER 2025 7:45—7:55 PM**

---

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ নতুনদিল্লীর যশোভূমিতে এশিয়ার সর্ববৃহৎ দূরসংযোগ , মিডিয়া ও প্রযুক্তি সম্মেলন ভারতীয় মোবাইল মহাসভা-২০২৫ এর উদ্বোধন ।

২) তিনসুকিয়ায় মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে আত্মসহায়ক গোষ্ঠীর ১৪ হাজার ৩০১ জন হিতাধিকারীকে মুখ্যমন্ত্রীর চেক প্রদান ।

৩) জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর ঘটনা সম্পর্কে চলতি মাসে নতুনদিল্লীতে সিংগাপুরের উচ্চায়ুক্তের সংগে সাক্ষাৎ করবেন বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

এবং

৪) বায়ুসেনা বাহিনীর প্রধান এয়ার চীফ মার্শাল অমরপ্রীত সিং এর বায়ুসেনা বাহিনী অপারেশন সিন্দুরের সময় অদম্য সাহস ও বীরত্বের পরিচয় দিয়েছে বলে মন্তব্য ।

--------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লীর যশোভূমিতে এশিয়ার সর্ববৃহৎ দূরসংযোগ , মিডিয়া ও প্রযুক্তি সম্মেলন ভারতীয় মোবাইল মহাসভা-২০২৫ এর উদ্বোধন করেন । এ উপলক্ষে শ্রীমোদী বলেন যে দূরসংযোগ , ক্ষেত্রে দেশের সাফল্য ই আত্মনির্ভর ভারত দৃষ্টিভংগীর শক্তিকে বোঝায় । তিনি বলেন যে এই সময় টু জি প্রযুক্তির ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হোয়া ভারতবর্ষের প্রায় প্রতিটি জেলাতে সম্প্রতি ফাইভ - জি সেবা শুরু হয়েছে । তিনি বলেন যে দেশের ডিজিটেল সংযোগ এখন আর কোনো বিলাসিতা নয় বরং প্রত্যেকজন ভারতীয়ের জীবনের অবিচ্ছেদ্য অংগ হয়ে পড়েছে । ভারতীয়

মোবাইল মহাসভা শুধু মোবাইল বা দূরসংযোগ ক্ষেত্রে সীমিত নয় গত কয়েকবছরে এই মহাসভা এশিয়ার সর্ববৃহৎ ডিজিটেল প্রযুক্তি মঞ্চ হয়ে উঠেছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । শ্রীমোদী বলেন যে দেশে সম্প্রতি ভারতে নির্মিত ফোর- জি ষ্টেক উদ্বোধন করা হয়েছে । ও এটি দেশের গুরুত্বপূর্ন স্থানীয় সাফল্য হিসেবে বিবেচিত হয়েছে । এখন বিনিয়োগ , উদ্ভাবন ও ভারতে সামগ্রী তৈরীর উপযুক্ত সময় বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন । তিনি বলেন যে সম্প্রতি ভারত বিশ্বের দ্বিতীয় সর্ববৃহৎ দূর সংযোগ বাজার ও দ্বিতীয় সর্ববৃহৎ ফাইভ জি বাজারে পরিগনিত হয়েছে ।

পরিবর্তনের জন্য উদ্ভাবন বিষয়বস্তু ওপর চারদিনব্যাপী আয়োজিত এই সম্মেলনে দূরসংযোগ ও ডিজিটেল প্রযুক্তি ক্ষেত্রে আত্মনির্ভরশীলতা গড়ে তোলা সহ আত্মনির্ভর ভারতের পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্য গ্রহন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ তিনশুকিয়ায় মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে আত্মসহায়ক গোষ্ঠির ১৪ হাজার ৩০১ জন হিতাধিকারীকে চেক প্রদান করেন ।এর মধ্যে গ্রামাঞ্চলের ১০ হাজার ৬৫৪ জন এবং শহরাঞ্চলের ৩ হাজার ৬৪৭ জন হিতাধিকারী রয়েছেন ।এ উপলক্ষে আজ তিনশুকিয়ার কেহাং চা বাগানে আয়োজিত সভায় অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেন নারীশক্তিকে ঔদ্যোগীকরণের দিকে সবল করে তোলার লক্ষ্যে সরকার বিভিন্ন প্রয়াস গ্রহণ করেছে ।তিনি বলেন যে রাজ্যের ৪০ লক্ষ মহিলার মধ্যে ৮ লক্ষ মহিলাকে ইতিমধ্যে লাখপতি দিদিতে উন্নীত করা হয়েছে । পরবর্তী সময়ে মহিলাদের অর্থনৈতিক সবলীকরণের এই প্রয়াস অব্যাহত থাকবে বলে তিনি জানান ।এদিকে মুখ্যমন্ত্রীর আপার আসাম সফরের সময় চা জনগোষ্ঠির লোকেরা জনজাতিকরণের দাবীতে প্রতিবাদী কার্যসূচী পালন করার বিষয় সম্পর্কে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন -----

বাইট

মুখ্যমন্ত্রী আজ ডিব্রুগড় জেলায় ১২ কোটি টাকা ব্যয় সাপেক্ষে একটি স্বয়ংক্রিয় যানবাহন উপযোগিতা পরীক্ষা কেন্দ্রের উদ্বোধন করেন । এই পরীক্ষা কেন্দ্রটিতে ঘন্টায় ১০ টি করে গাড়ীর উপযোগিতা পরীক্ষা করা হবে । পরবর্তী সময়ে শ্রীভূমি জেলার বদরপুর সহ বরপেটা ও মঙ্গলদৈয়ে এধরণের কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------

প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর ঘটনা সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা চলতি মাসে দিল্লীতে সিংগাপুরের উচ্চায়ুক্তের সঙ্গে সাক্ষাৎ করবেন বলে জানিয়েছেন । এই ঘটনার তদন্তের জন্য সিংগাপুর পুলিশের সহায়তা চাওয়া হবে এবং এই ঘটনার ন্যায় প্রদানের জন্য আসাম সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।আজ ডিব্রুগড়ে আয়োজিত এক অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী একথা জানান ।এদিকে বিশেষ তদন্তকারী গোষ্ঠি আজ জুবিন গার্গের সম্পর্কীত ভাই তথা বকো সমজেলার ভারপ্রাপ্ত পুলিশ সুপার সন্দীপন গার্গকে গ্রেপ্তার করেছে । বিশেষ তদন্তকারী গোষ্ঠি আজ সন্দীপন গার্গকে ১৪ দিনের জিম্মায় চেয়ে কামরূপ মহানগর জেলা মুখ্য ন্যায় দন্ডাধীশের আদালতে হাজির করায় । তবে আদালত সাতদিনের জন্য তাকে তদন্তকারী গোষ্ঠির জিম্মায় প্রেরণ করে । উল্লেখ্য জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সংক্রান্ত বিষয়ে এপর্যন্ত ৫ জন লোককে গ্রেপ্তার করা হয়েছে । এদিকে বিশেষ তদন্তকারী গোষ্ঠি আজ কণ্ঠশিল্পী মানস রবীনকে উলুবারীর সি আই ডি কার্যালয়ে জিজ্ঞাসাবাদ করেছে বলে জানা গেছে ।

------------------------------------------------------------------------------------------

বিটিসির বিধায়নী সভার অধিবেশন আগামীকাল অনুষ্ঠিত হবে । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য পঞ্চম বিটিসি পরিষদীয় সরকারের পরিষদদের শপথ গ্রহণের পর প্রথমবার এই অধিবেশন আহ্বান করেছেন । কোকরাঝারের বডোফা নগরে বিটিসি বিধায়নী ভবনে বেলা ১০ টায় এই অধিবেশন আরম্ভ হবে ।

------------------------------------------------------------------------------------------

আই আই টি গৌহাটীতে আগামী ১০ ই অক্টোবর থেকে তিনদিনব্যাপী দশম গবেষণা ও ঔদ্যোগিক অভিবর্তন অনুষ্ঠিত হবে । অভিবর্তনের আয়োজক সমিতি জানিয়েছে যে দেশের কম করে ও ৩৩ টি বিশ্ববিদ্যালয়ের এক হাজার গবেষক ছাত্র ছাত্রী সহ ৬০ টির ও বেশী ষ্টার্টাপ কোম্পানী অংশ গ্রহণ করবে । ১০ ই অক্টোবর সন্ধ্যায় উদ্বোধনী অনুষ্ঠানের পর ই কর্মশালা অনুষ্ঠিত হবে । এই কর্মশালায় ৪ শর ও বেশী গবেষক তাদের গবেষণা পত্র পাঠ করবেন ।

------------------------------------------------------------------------------------------

বায়ুসেনা বাহিনীর প্রধান এয়ার চীফ মার্শাল অমরপ্রীত সিং বায়ু সেনা বাহিনী অপারেশন সিন্দুরের সময় অদম্য সাহস ও বীরত্বের পরিচয় দিয়েছে বলে প্রকাশ করেছেন ।গাজিয়াবাদের হিন্দন বায়ুসেনা ঘাটিতে বায়ুসেনার ৯৩ তম প্রতিষ্ঠা দিবস উদযাপনের অনুষ্ঠানে অংশ গ্রহণ করে বায়ুসেনা বাহিনীর প্রধান আজ একথা বলেন । তিনি বলেন যে অপারেশন সিন্দুরের সময় বায়ু সেনা বাহিনীর নিদর্শনমূলক প্রদর্শন সমগ্র দেশকে

গৌরবান্বিত করেছে । তিনি বলেন যে সঞ্চালন পরিকল্পনার নতুন প্রণালী , অস্ত্র সস্ত্র ও যন্ত্রপাতি সংযোজনের প্রক্রিয়া ত্বরান্বিত করা গুরুত্বপূর্ন সাফল্যরুপে পরিগণিত হয়েছে ।তিনি বলেন যে বায়ুসেনা বাহিনী সিন্ধু অভিযানের সময় সংঘর্ষজর্জর এলাকা থেকে ভারতীয় নাগরিকদের সরিয়ে দিতে একটি গুরুত্বপূর্ন ভূমিকা পালন করেছিল । তিনি বলেন যে বায়ু সেনা বাহিনী ১৯৪৭ সালে কাশ্মীরের সুরক্ষা থেকে ১৯৭১ সালে যুদ্ধে নির্নায়ক ভূমিকা পালন , ১৯৯৯ সালে কার্গিল যুদ্ধ ও ২০১৯ সালে বালাকোট বিমান আক্রমণ সহ প্রতিটি যুগে নতুন ইতিহাস রচনা করে আসছে ।

------------------------------------------------------------------------------------

প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গর্গের শিল্পকর্মকে ভবিষ্যৎ প্রজন্মের কাছে তুলে ধরতে শ্রীভূমি শহরে জুবিন গর্গ স্মরন সমিতি গঠিত হয়েছে । সমিতির পক্ষ থেকে জানানো হয় যে শ্রীভূমি শহরে জুবিন গর্গের একটি স্মৃতি স্তম্ভ স্থাপনের উদ্যোগ নেওয়া হবে । উল্লেখ্য প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গর্গের শৈশবকাল শ্রীভূমি শহরের হাটমেন্ট রোডে অতিবাহিত হয়েছিল ।

------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ১১ই অক্টোবর নাগরিকদের অমীমাংসিত জমানো টাকার নিষ্পত্তি শিবির অনুষ্ঠিত হবে । শিবিরে নাগরিকদের দীর্ঘ দিনের নায্য আর্থিক দাবিগুলি দ্রুত ও স্বচ্ছভাবে ফিরিয়ে দেওয়া হবে । জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে যে শিবির সকাল ১০টায় শুরু হবে এবং বিকেল চারটা পর্য্যন্ত চলবে । শিলচরে এই শিবির জেলা আয়ুক্তের কার্য্যলয়ের পুরোন সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে । এছাড়া ধলাই সম-জেলা কার্য্যলয় , সোনাই রাজস্ব চক্র , লক্ষীপুর , কাটিগড়া ও উধারবন্দ খন্ড উন্নয়ন আধিকারীকের কার্য্যলয়ে একযোগে এই পরিষেবা চালু থাকবে যাতে প্রত্যন্ত অঞ্চলের বাসিন্দারাও সহজে এই সুযোগের সদ্বব্যবহার করতে পারেন ।
জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে জানিয়েছেন যে এই উদ্যোগ আসাম সরকারের আর্থিক অর্ন্তভুক্তি ও স্বচ্ছ প্রশাসনের অঙ্গীকারের প্রতিফলন ।

------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন ও জেলা স্বাস্থ্য সমিতির পক্ষ থেকে জানানো হয়েছে যে জেলার সব বেসরকারী ক্লিনিক , নার্সিং হোম ,প্যাথলজি ল্যাব ,ডায়াগনষ্টিক সেন্টার এবং চিকিৎসকদের চেম্বারকে অবিলম্বে ক্লিনিকেল এস্টাবলিশমেন্ট আইন-২০১০ অনুযায়ী পঞ্জিয়ন করতে হবে । জেলার যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর শিবানন্দ রায় এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে বারবার সর্তক করার পরও জেলার একাংশ বেসরকারী হাসপাতাল, ল্যাব ও চিকিৎসা কেন্দ্র এখনো বৈধ পঞ্জিয়ন করে নি । ক্লিনিকেল এস্টাবলিশমেন্ট

আইন-২০১০ লংঘনকারীদের বিরুদ্ধে ৫০ হাজার টাকা থেকে শুরু করে ৫ লক্ষ টাকা পর্য্যন্ত অর্থ দন্ডের বিধান রয়েছে । আগামী ১৫ দিনের মধ্যে নিজেদের বানিজ্যিক প্রতিষ্ঠানকে পঞ্জিয়ন করতে বিজ্ঞপ্তীতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দির নেতাজি সুভাষ চন্দ্র বসু ষ্টেডিয়ামে আয়োজিত সিনিয়র ডিভিশন লিগ কাম নকআউট ফুটবল টুর্নামেন্টের আজকের তৃতীয় কোয়ার্টার ফাইনাল খেলায় ব্লাড মাউথ অ্যাথলেটিক ক্লাব ৪-১ গোলের ব্যবধানে লক্ষীশহর এফ সি কে পরাজিত করে সেমিফাইনালে প্রবেশ করেছে । আগামীকাল এই টুর্নামেন্টের চতুর্থ কোয়ার্টার ফাইনালে চাঁদপুর এফ সি /লালা টাউন ফুটবল একাডেমির মুখোমুখি হবে ।

---------------------------------------------------------------------------